# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মুজিবনগরে ইউনিয়ন বিএনপির কার্যালয়ের পাশ থেকে ককটেল সাদৃশ বস্তু উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন বিএনপির কার্যালয়ের মাত্র ৩৫ গজ পাশে থেকে লাল টেপে মোড়ানো ককটেল সাদৃশ একটি বস্তু উদ্ধার করেছে পুলিশ।

শনিবার সকালে উপজেলার দারিয়াপুর ইউনিয়নের কালিতলা মোড় এলাকা থেকে বস্তুটি উদ্ধার করা হয়।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, কালিতলা মোড় সংলগ্ন আকবার আলীর বাড়ির প্রাচিরের পাশে একটি সন্দেহভাজন বস্তু পড়ে দেখে স্থানীয়রা মুজিবনগর থানা পুলিশকে খবর দেয়। মুজিবনগর ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স এবং মুজিবনগর থানা পুলিশের টিম ঘটনাস্থলে গিয়ে বস্তুটি উদ্ধার করে নিষ্ক্রিয় করার জন্য থানায় নিয়ে যায়।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল ইসলাম জানান, ‘খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয় এবং বস্তুটি উদ্ধার করে। এটি আসলেই কোনো বিস্ফোরক কি না, তা পরীক্ষা করে দেখা হচ্ছে। এ বিষয়ে আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

কে বা কারা, কী উদ্দেশ্যে এটি সেখানে রেখেছে তা খতিয়ে দেখছে পুলিশ। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে আটক করা সম্ভব হয়নি। উদ্ধারকৃত বস্তুটি স্থানটি স্থানীয় বিএনপি কার্যালয় থেকে মাত্র ৩৫ গজ দূরে হওয়ায় এলাকায় চাঞ্চল্য ও আতঙ্কের সৃষ্টি হয়।

মিটার কয়েক দুরেই সবজির দামের

ব্যবধান অনেক

মেহেরপুর বড়বাজারের কাঁচাবাজারে খুচরা আর পাইকারি সবজি বাজার মাত্র কয়েক মিটার দুর। আর এই কয়েক মিটার দুর যেতেই কেজি প্রতি সবজির দাম বেড়ে যায় সবজি ভেদে ১০ থেকে ৩০ টাকা বেশি। গতকাল শুক্রবার মেহেরপুরের কাঁচাবাজারের খুচরা ও পাইকারি বাজার পরিদর্শন করে এমন চিত্র দেখা যায় ।

পাইকারিতে আলু ১৬ টাকা খুচরা বাজারে ২০ টাকা, পাইকারিতে পেয়াজ ৩২ টাকা খুচরা বাজারে ৪০ টাকা, পাইকারিতে রসুন ৫০ টাকা খুচরা বাজারে ৬০ টাকা, পাইকারিতে কাঁচা মরিচ ৭২ টাকা খুচরা বাজারে ১০০ টাকা পাইকারিতে আদা ১৩০ টাকা খুচরা বাজারে ১৬০ টাকা।

সবজির মধ্যে পাইকারিতে বেগুন ৩০ টাকা খুচরা বাজারে ৪০ টাকা, পাইকারিতে শিম ২০ টাকা খুচরা বাজারে ৩০ টাকা, পাইকারিতে পটল ১৩৫ টাকা খুচরা বাজারে ১৬০ টাকা, পাইকারিতে মূলা ৩০ টাকা খুচরা বাজারে ৪০ টাকা, পাইকারিতে টমেটো ৩২ টাকা খুচরা বাজারে ৪০ টাকা, পাইকারিতে পেঁপে ২০ টাকা খুচরা বাজারে ৩০ টাকা, পাইকারিতে শশা ৬৫ টাকা খুচরা বাজারে ৮০ টাকা।

শীতকালীন সবজির মধ্যে পাইকারিতে ফুলকপি ২০ টাকা খুচরা বাজারে ৩০ টাকা, পাইকারিতে বাধাকপি ১২ টাকা খুচরা বাজারে ২০ টাকা,পাইকারিতে পালংশাক ১৫ টাকা খুচরা বাজারে ২০ টাকা।

গতকাল শুক্রবার মাছের বাজার ছিলো রুই ২৫০টাকা, তেলাপিয়া ১৪০ টাকা, পাঙাস ১৫০ টাকা, সিলভার ১২০ টাকা, জিওল ২৩০ টাকা, ইলিশ ৫০০-৩০০০ টাকা, বাগদা চিংড়ী ১২০০ টাকা,গলদা চিংড়ী ৭০০ টাকা, দেশি চিংড়ী ৮০০-১০০০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে।

মুরগীর বাজারে ব্রয়লার মুরগি ১৮০, সোনালি মুরগি ২৭০ টাকা, লেয়ার মুরগি ২৮০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে৷ ছাগলের মাংস ১১০০ টাকায় এবং গরুর মাংস ৭৫০ টাকায় অপরিবর্তিত।

মেহেরপুরে পৌর যুবদল ও ছাত্রদলের নেতৃত্বে নির্বাচনী প্রচারণা

মেহেরপুর পৌর যুবদল ও ছাত্রদলের নেতৃত্বে মাসুদ অরুনের পক্ষে ধানের শীষের নির্বাচনী প্রচারণা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর-১ আসনের ধানের শীষের প্রার্থী মাসুদ অরুনের দিকনির্দেশনা ও পরামর্শে প্রতিদিনের ধারাবাহিক ওয়ার্ডভিত্তিক কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরের বিভিন্ন ওয়ার্ডে গতকাল শুক্রবার বিকেলে ধানের শীষের নির্বাচনী প্রচারণা, গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

অপরদিকে, সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ১নং ওয়ার্ডে মেহেরপুর জেলা ছাত্রদলের দপ্তর সম্পাদক লিজন আলীর নেতৃত্বে ধানের শীর্ষের প্রচরণা গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

কর্মসূচিতে ছাত্রদলের নেতাকর্মীরা ধানের শীষের পক্ষে স্লোগান দেন, সাধারণ মানুষের মাঝে ধানের শীষ প্রতীকের লিফলেট বিতরণ করেন এবং আসন্ন নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থীর পক্ষে সমর্থন কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি, যুগ্ম আহবায়ক শিমুল বিশ্বাস, সদস্য রোমিক, নিজার, মনি,রিনু শফিসহ বিভিন্ন ওয়ার্ডের যুবদল ও ছাত্রদলের নেতৃবৃন্দ।

প্রেমের টানে এসে বিয়ে না করে পালালো ২ চীনা নাগরিক

ফেসবুক প্রেমের টানে মেহেরপুরে বিবাহ করতে এসে বিপাকে পড়ে পরিচয় গোপন করে পালিয়েছে দুই চিনা নাগরিক।মেহেরপুরের এক তরুণীকে ঘিরে

এসেছেন। এ ধরনের ভিডিও প্রায়শই প্রকাশিত হয় এবং দ্রুত ভাইরালও হয়। কিন্তু একইভাবে প্রেমের টানে বাংলাদেশি নারীদের বিদেশে নিয়ে যাওয়ার পর তাদের পরিণতি কী হয়, সে বিষয়ে কোনো ফলো-আপ বা অনুসন্ধানী প্রতিবেদন আমরা খুব কমই দেখতে পাই।’

তিনি বলেন, ‘এই প্রবণতাই উদ্বেগজনকভাবে বাড়ছে। অনেকেই ভাইরাল হওয়ার আশায় সামাজিক যোগাযোগমাধ্যমে বিদেশি নাগরিকদের সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে তুলছেন, পরে বিয়ে করে সেটিও অনলাইনে ভাইরাল করছেন। কিন্তু এর পর কী ঘটে, সেই বাস্তবতা আর কখনো সামনে আসে না।’

উল্লেখ্য, র্যাব ও পুলিশের সাম্প্রতিক অভিযানে এ ধরনের পাচারচক্রের একাধিক সদস্য গ্রেপ্তার হয়েছে বলে জানা গেছে। তদন্ত সংশ্লিষ্টরা বলছেন, চীনে পৌঁছানোর পর অনেক নারী শারীরিক ও মানসিক নির্যাতনের ঝুঁকিতে পড়েন। এ বিষয়ে চীনা দূতাবাস ও বাংলাদেশ সরকার উভয়ই অবৈধ বিয়ে ও মানব পাচার নিয়ে একাধিকবার সতর্কতা জারি করেছে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সাধারণ নাগরিকদের যেকোনো বিদেশি নাগরিকের সঙ্গে বিয়ে বা বিদেশে যাওয়ার প্রস্তাবের ক্ষেত্রে আইনগত যাচাই ও সরকারি অনুমোদন নিশ্চিত করার আহ্বান জানিয়েছে। একই সঙ্গে সন্দেহজনক প্রস্তাব বা কর্মকাণ্ড নজরে এলে নিকটস্থ থানায় জানাতে অনুরোধ করা হয়েছে।

গাংনীর কাজিপুর ইউনিয়নের পাড়া মহল্লায় ভোট প্রার্থণা জামায়াত প্রার্থীর

ন্যায় ভিত্তিক কল্যাণকর রাষ্ট্র গঠন ও দুঃশাসন এবং বৈষম্য মুক্ত সমাজ গঠনে দাঁড়িপাল্লায় ভোট দানের আহ্বান জানিয়ে পাড়া মহল্লায় ভোট চাইলেন মেহেরপুর-২ আসনের জামায়াত মনোনীত প্রার্থী সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা।

গতকাল শুক্রবার বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গাংনী উপজেলার কাজিপুর গ্রামের বিভিন্ন পাড়া মহল্লায় ঘুরে ঘুরে ভোট প্রার্থণার পাশাপাশি দোয়া চান তিনি। এসময় গণভোটেরও আহবান জানান।

এসময় তিনি বিভিন্ন পাড়া-মহল্লায় সাধারণ ভোটারদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং দ্বীন, ন্যায় ও ইনসাফভিত্তিক সমাজ গঠনে জামায়াতে ইসলামীর পক্ষে ভোট ও সহযোগিতা কামনা করেন।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন, উপজেলা নায়েবে আমীর মাওলানা মফিজুল ইসলাম, কাজীপুর ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমীর আব্দুর রাজজাক, সেক্রেটারি আশরাফুল ইসলাম, মেহেরপুর জেলা ছাত্রশিবিরের সেক্রেটারি সাইদুল ইসলাম, গাংনী পৌর যুব বিভাগের সভাপতি জয়নাল আবেদীন, গাংনী উপজেলা ছাত্রশিবির সভাপতি সিহাব হোসেনসহ জামায়াতে ইসলামী ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

এসময় নাজমুল হুদা বলেন, আমরা নির্বাচিত হলে, সরকারের ট্যাক্স বিহীন গাড়িতে চড়বোনা। সরকারের সকল প্রকার সুযোগ সুবিধা জনগণকে বুঝিয়ে দেবো। জনগণের সেবক হয়ে আপনাদের সেবা দেবো।

“দেশ ও জাতিকে দুর্নীতি, দুঃশাসন এবং বৈষম্য থেকে মুক্ত করতে সৎ, যোগ্য ও আল্লাহভীরু নেতৃত্ব প্রয়োজন। জামায়াতে ইসলামী মানুষের অধিকার প্রতিষ্ঠা ও একটি কল্যাণ রাষ্ট্র গঠনের জন্য দীর্ঘদিন ধরে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। আপনারা যদি আমাদের পাশে থাকেন, তাহলে গাংনীসহ সারাদেশে ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা সম্ভব হবে।”

এ সময় নেতাকর্মীরা ভোটারদের মাঝে জামায়াতে ইসলামীর লক্ষ্য-উদ্দেশ্য তুলে ধরেন এবং শান্তিপূর্ণ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে জনগণের রায় প্রতিষ্ঠার আহ্বান জানান।

গাংনীর শিশিরপাড়ায় ধানের শীষে ভোট প্রার্থনায় বিএনপির

# [redacted]

[redacted]-[redacted] ([redacted]) [redacted] [redacted]'[redacted] [redacted] [redacted] [

মুজিবনগরে ডিবি’র অভিযানে ১০ বোতল ভারতীয় মদসহ আটক ১

মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে ১০ বোতল ভারতীয় মদসহ শফিকুল
(৩৩) নামের একজনকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

গতকাল বৃহস্পতিবার রাতের দিকে মুজিবনগর থানাধীন সোনাপুর এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক শফিকুল সোনাপুর মাঝেরপাড়া এলাকার বাসিন্দা এবং তিনি আইয়ুব আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা যায়, গোপন সূত্রে খবর পেয়ে ওই এলাকায় অভিযান পরিচালনা করে শফিকুলকে আটক করা হয়।

অভিযানের সময় শফিকুলের হেফাজত থেকে ১০ বোতল ভারতীয় মদ উদ্ধার করা হয়। যার বাজার মূল্য আনুমানিক ২০ হাজার টাকা। পরবর্তীতে আটক শফিকুল ও জব্দকৃত আলামতসহ তাকে মুজিবনগর থানায় হস্তান্তর করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার বিরুদ্ধে একটি মামলা রুজু করা হয়।

এবিষয়ে মেহেরপুর ডিবি ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী জানান, মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে এবং মাদক কারবারিদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

অতিরিক্ত সচিব হলেন দারিয়াপুরের আব্দুর রশিদ

সরকারের যুগ্ম সচিব থেকে পদোন্নতি পেয়ে অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি পেলেন আব্দুর রশিদ। তিনি মুজিবনগর উপজেলার দারিয়াপুর ক্লাবপাড়ার বাবুবাড়ীর মৃত শববত আলী ও রোকেয়া বেগমের ছোট ছেলে।

বর্তমানে তিনি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অতিরিক্ত সচিব

পদে কর্মরত আছেন।

আব্দুর রশিদ দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় থেকে ১৯৮৪ সালে এসএসসি, মেহেরপুর সরকারি কলেজ থেকে ১৯৮৬ সালে এইচএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা গ্রহণ করেন।

তিনি ২০তম বিসিএস পরীক্ষায় প্রশাসন ক্যাডারে উত্তীর্ণ হয়ে তিনি ২০০১ সালে সরকারি চাকরিতে যোগদান করেন। তাঁর কর্মজীবন শুরু হয় ফরিদপুর জেলায় সহকারী কমিশনার হিসেবে। এরপর তিনি চারভদ্রাসন, দেবহাটা উপজেলার নির্বাহী কর্মকর্তা, অতিরিক্ত জেলা প্রশাসক ফরিদপুর, প্রধান নির্বাহী কর্মকর্তা ফরিদপুর জেলা পরিষদ, অতিরিক্ত বিভাগীয় কমিশনার খুলনা পদে দায়িত্ব পালন করেছেন।

গাংনীতে জামায়াতে ইসলামীর বিক্ষোভ মিছিল ও সমাবেশ

শেরপুরে বিএনপি’র হামলায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর শ্রীবরদী উপজেলা সেক্রেটারি রেজাউল করিম নিহত হওয়ার ঘটনায় তীব্র প্রতিবাদ জানিয়েছে জামায়াতে ইসলামী। একই সঙ্গে দেশব্যাপী নারীদের প্রতি সহিংসতা ও নিরাপত্তাহীনতার প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ মিছিল ও সংক্ষিপ্ত সমাবেশ করেছে দলটি।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাত আনুমানিক ৮টার দিকে গাংনী উপজেলা ও পৌর জামায়াতে ইসলামীর উদ্যোগে এই বিক্ষোভ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা শহরের মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে হাসপাতাল এলাকা ঘুরে বাসস্ট্যান্ড সংলগ্ন শহীদ আবু সাঈদ চত্বরে এসে শেষ হয়। পরে সেখানে এক সংক্ষিপ্ত প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা জামায়াতের সাবেক আমীর

মাওলানা আব্দুল হালিম, গাংনী পৌর জামায়াতের আমীর আহসানুল হকসহ স্থানীয় ও উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ।

মিছিল চলাকালে নেতাকর্মীরা “হত্যাকারীদের বিচার চাই”, “সন্ত্রাসী হামলা বন্ধ কর”, “নারীর নিরাপত্তা নিশ্চিত কর”—এমন নানা স্লোগান দেন।

সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা বলেন, শেরপুরে পরিকল্পিত ও পূর্বপরিকল্পিত সন্ত্রাসী হামলায় জামায়াতে ইসলামীর একজন দায়িত্বশীল নেতাকে হত্যা করা হয়েছে। তারা অভিযোগ করেন, এই হামলার রাজনৈতিক দায় বিএনপি এড়াতে পারে না। অবিলম্বে ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তারা।

বক্তারা আরও বলেন, দেশে নারী নির্যাতন ও সহিংসতার ঘটনা আশঙ্কাজনক হারে বাড়ছে, যা রাষ্ট্র ও সমাজের জন্য উদ্বেগজনক। নারীদের নিরাপত্তা নিশ্চিত করা এবং জানমালের সুরক্ষা দেওয়া রাষ্ট্রের সাংবিধানিক দায়িত্ব বলেও উল্লেখ করেন তারা।

সমাবেশ থেকে অবিলম্বে সব ধরনের সন্ত্রাসী কার্যক্রম বন্ধ, নারীদের প্রতি সহিংসতা রোধ এবং শেরপুরের ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত বিচারের দাবি জানানো হয়।